বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর ভবন
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

মন্ত্রণালয়/বিভাগের নাম: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন

## অভিযোগ গ্রহণ সংক্রান্ত তথ্য প্রেরণের ছক

মাসের নাম : এপ্রিল ২০২২ খ্রি:

| মন্ত্রণালয়/ বিভাগের নাম | মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| বাংলাদেশ টেলিভিশন | ১ | ১ | ট্র্যাকিং নম্বর : ১৬১৬৬৬০০২৬১০১ জনৈক মোঃ দুলাল হোসেন, স্বত্বাধিকারী "সুবিদখালী কেব্‌ল্ নেটওয়ার্ক, কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী" লাইসেন্স বাতিল করার লিখিত আবেদন। | ১ | ক) জনাব মোঃ দুলাল হোসেন, স্বত্বাধিকারী "সুবিদখালী কেব্‌ল্ নেটওয়ার্ক, কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী" তিনি নতুন কেব্‌ল্ অপারেটর লাইসেন্সের জন্য ২০২১ ও ২০২২ সালের লাইসেন্স ফি, প্রসেস ফি, ভ্যাট এবং প্রয়োজনীয় কাগজপত্রসহকারে গত ০৭.০৯.২০২১ খ্রি. তারিখে বিটিভিতে আবেদনপত্র দাখিল করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২৪.০৪.২০১১ খ্রি. তারিখের তম/টিভি-২/১০(৩)/২০০৭(অংশ)/২৬৬ সংখ্যক পত্রের নির্দেশনা অনুসারে নতুন কেব্‌ল্ অপারেটর লাইসেন্সের আবেদনের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর গত ১৫.০৯.২০২১ খ্রি. তারিখে ১৫.৫৪.০০০০.০৩০৪৩.০০৩. ২১-৪৫৩ সংখ্যকপত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে গত ০৬.০১.২০২২ খ্রি. তারিখে জেলা প্রশাসক পটুয়াখালী এর কার্যালয় থেকে "সুবিদখালী কেব্‌ল্ নেটওয়ার্ক, কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী" এর অনুকূলে নতুন কেব্‌ল্ অপারেটর লাইসেন্স ইস্যুর পক্ষে সুপারিশসহ সরেজমিনে তদন্ত প্রতিবেদন বিটিভিতে প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। সরেজমিনে তদন্ত প্রতিবেদনের আলোকে "সুবিদখালী কেব্‌ল্ নেটওয়ার্ক, কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী" এর অনুকূলে ৩১ ডিসেম্বর, ২০২২ মেয়াদী সিও-৪৭৬ সংখ্যক লাইসেন্স গত ১৩.০১.২০২২ খ্রি. তারিখে ইস্যু করা হয়েছে।<br>এমতাবস্থায় 'কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬' এর ধারা ১১ অনুসারে জনাব গোলাম ফারুক স্বত্বাধিকারী "দিনার সিয়াম কেবল নেটওয়ার্ক, মির্জাগঞ্জ, পটুয়াখালী" এর আবেদনের প্রেক্ষিতে "সুবিদখালী কেব্‌ল্ নেটওয়ার্ক, কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী" লাইসেন্স বাতিলের সুযোগ নেই মর্মে বিষয়টি বিটিভির ১২.০৪.২০২২ তারিখের ৮৯৯ সংখ্যক পত্রে মন্ত্রণালয়ের অনিক কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।<br>খ) ফেব্রুয়ারি ২০২২ মাসে অনলাইন GRS-এ প্রাপ্ত ট্র্যাকিং নম্বর: ১৭৯৫২৯৮৫১১১৩১ এ জনৈক মো: আশরাফুল ইসলাম কর্তৃক ২০.০২.২০২২ খ্রি: তারিখ দাখিলকৃত অভিযোগের সত্যতা যাচাইয়ের জন্য তার শিক্ষা সনদ ও স্থায়ী ঠিকানা যাচাইসহ পুন:ভেরিফেকেশনের নিমিত্ত ২৪.০৩.২০২২ খ্রি. তারিখ সুপারিটেনডেন্ট অব পুলিশ, জেলা বিশেষ শাখা নাটোরকে পত্র দেয়া হয় (কপি সংযুক্ত)। এখনো পুন:ভেরিফেকেশন পাওয়া যায়নি। |

05/05/22

(আফছানা বিলকিস)
পরিচালক (প্রশাসন)
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
বাংলাদেশ টেলিভিশন
ফোন : ৫৫১৩১১১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর ভবন
রামপুরা, ঢাকা-১২১৯ ।
www.btv.gov.bd

নং- ১৫.৫৪.০০০০.০২১.০৫.১৯১.২১ . ৮৯১০১

তারিখ : ২৯ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : অনলাইন GRS-এ প্রেরিত অভিযোগটি নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্র : তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পত্র নং-১৫.০০.০০০০.০০৭.১৬.০০১.২০.৯/১, তারিখ: ০৪.০৪.২০২২ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রপত্রের বরাতে অনলাইন GRS-এ প্রেরিত অভিযোগটি নিষ্পত্তির বিষয়ে গৃহীত কার্যক্রমের তথ্যাদি নিম্নরুপ :

| ট্র্যাকিং নং | অভিযোগের বিষয় | অভিযোগের তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ১৬১৬৬৬০০২৬১০১ | সুবিধখালী ক্যাবল নেটওয়ার্ক এর লাইসেন্স বাতিল করার জন্য আবেদন | ১১.০১.২০২২ | জনাব মোঃ দুলাল হোসেন, স্বত্বাধিকারী "সুবিদখালী কেব্‌ল্ নেটওয়ার্ক, কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী" তিনি নতুন কেব্‌ল্ অপারেটর লাইসেন্সের জন্য ২০২১ ও ২০২২ সালের লাইসেন্স ফি, প্রসেস ফি, ভ্যাট এবং প্রয়োজনীয় কাগজপত্রসহকারে গত ০৭.০৯.২০২১ খ্রি. তারিখে বিটিভিতে আবেদনপত্র দাখিল করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২৪.০৪.২০১১ খ্রি. তারিখের তম/টিভি-২/১০(৩)/২০০৭(অংশ)/২৬৬ সংখ্যক পত্রের নির্দেশনা অনুসারে নতুন কেব্‌ল্ অপারেটর লাইসেন্সের আবেদনের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর গত ১৫.০৯.২০২১ খ্রি. তারিখে ১৫.৫৪.০০০০.০৩০৪৩.০০৩.২১-৪৫৩ সংখ্যকপত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।<br>উক্ত পত্রের প্রেক্ষিতে গত ০৬.০১.২০২২ খ্রি. তারিখে জেলা প্রশাসক পটুয়াখালী এর কার্যালয় থেকে "সুবিদখালী কেব্‌ল্ নেটওয়ার্ক, কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী" এর অনুকূলে নতুন কেব্‌ল্ অপারেটর লাইসেন্স ইস্যুর পক্ষে সুপারিশসহ সরেজমিনে তদন্ত প্রতিবেদন বিটিভিতে প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। সরেজমিনে তদন্ত প্রতিবেদনের আলোকে "সুবিদখালী কেব্‌ল্ নেটওয়ার্ক, কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী" এর অনুকূলে ৩১ ডিসেম্বর, ২০২২ মেয়াদী সিও-৪৭৬ সংখ্যক লাইসেন্স গত ১৩.০১.২০২২ খ্রি. তারিখে ইস্যু করা হয়েছে।<br>এমতাবস্থায় 'কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬' এর ধারা ১১ অনুসারে জনাব গোলাম ফারুক স্বত্বাধিকারী "দিনার সিয়াম কেবল নেটওয়ার্ক, মির্জাগঞ্জ, পটুয়াখালী" এর আবেদনের প্রেক্ষিতে "সুবিদখালী কেব্‌ল্ নেটওয়ার্ক, কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী" লাইসেন্স বাতিলের সুযোগ নেই। |

০২। ইহা সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো ।

সংযুক্তি: ০৫ পাতা ।

সোহরাব হোসেন
মহাপরিচালক
ফোন : ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা ।

দুটি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
টিভি-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moi.gov.bd).

নং-তম/টিভি-২/১০(৩)/২০০৭(অংশ)/ ২৬৬

তারিখ ঃ ১১ বৈশাখ, ১৪১৮
২৪ এপ্রিল, ২০১১

বিষয় ঃ নতুন ক্যাবল্ অপারেটর/ফিড অপারেটর লাইসেন্স প্রদান।

সূত্রঃ নং-টিভি-লাইসেন্স/প্রশ-১৯৬/৩য় খন্ড/২৯৭৩, তারিখঃ ২৮-০৩-২০১১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বিষয়ে জেলা প্রশাসকের মতামত গ্রহণ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(তন্দ্রা শিকদার)
উপ-সচিব
ফোন ঃ ৯৫৫৫০১৭
ই-মেইলঃ ds.tv1@moi.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন
রামপুরা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর, লাইসেন্স শাখা
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০৩০.৪৩.০০৩.২১- ৪৬৬ তারিখ : ১৫/১১/২১

বিষয় : নতুন কেবল অপারেটর লাইসেন্সের আবেদনের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, 'সুবিদখালী কেবল নেটওয়ার্ক, ঠিকানা : কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী' এর স্বত্বাধিকারী জনাব মোঃ দুলাল হোসেন "৪নং দেউলী সুবিদখালী ইউনিয়ন" এলাকায় কেবল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনার নিমিত্ত ০১.০৯.২০২১ খ্রি. তারিখ থেকে ব্যবসায় শুরুর ঘোষণা দিয়ে ২০২১ ও ২০২২ সালের লাইসেন্স ফি ও আবশ্যকীয় কাগজপত্রাদি সহকারে নতুন কেবল অপারেটর লাইসেন্সের জন্য বিটিভি'তে আবেদনপত্র দাখিল/প্রেরণ করেছেন (দাখিলকৃত কাগজপত্রের কপি সংযুক্ত)।

০২। কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর নিম্নবর্ণিত ধারাসমূহ অনুসরণপূর্বক নতুন কেবল অপারেটর লাইসেন্স ইস্যু করার বিধান রয়েছে :

ক. আইনের ধারা ৫(২) মতে নতুন লাইসেন্সের জন্য দাখিলীয় সকল তথ্যাদির সঠিকতা সম্পর্কে নিশ্চিত হতে হবে; এবং

খ. আইনের ধারা ৮ "লাইসেন্স প্রদানে অনুসরণীয় নীতি।—লাইসেন্সিং কর্তৃপক্ষ, কোন ব্যক্তির আবেদনের ভিত্তিতে, উপযুক্ততা বিবেচনায় উহার এখতিয়ারাধীন এলাকায় কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনার জন্য একচেটিয়া ব্যবসা নিরুৎসাহিতকরণের লক্ষ্যে একাধিক ব্যক্তিকে লাইসেন্স প্রদান করিতে পারিবে" (আইনের কপি সংযুক্ত)।

০৩। অনুচ্ছেদ-০২ তে বর্ণিত আইনের আলোকে অনুচ্ছেদ-০১ তে বর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে নতুন কেবল অপারেটর লাইসেন্স ইস্যুর পূর্বে নিম্নোক্ত বিষয়সমূহ যাচাই/বাছাই করা প্রয়োজন :

ক. প্রতিষ্ঠানের মালিকের দাখিলকৃত কাগজপত্রাদি সঠিক কিনা (মূল কপি দেখে নিশ্চিত হওয়া প্রয়োজন);

খ. এই প্রতিষ্ঠানের মালিক ০১.০৯.২০২১ খ্রি. তারিখের পূর্বে কেবল নেটওয়ার্ক ব্যবসায়ে নিয়োজিত ছিলেন কিনা তা নির্ণয় করা। যথাযথ সরকারি রাজস্ব আদায় নিশ্চিতকরণের স্বার্থে ব্যবসায় শুরুর প্রকৃত তারিখ নির্ণয় করা একান্ত প্রয়োজন;

গ. সার্বিক বিবেচনায় আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে নতুন কেবল অপারেটর লাইসেন্স ইস্যু করার উপযুক্ততা রয়েছে কিনা তা বাস্তবতার নিরিখে খতিয়ে দেখা প্রয়োজন। এছাড়া, এই প্রতিষ্ঠানের অনুকূলে কেবল অপারেটর লাইসেন্স ইস্যু করা হলে, কেবল নেটওয়ার্ক ব্যবসায়কে কেন্দ্র করে এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার আশঙ্কা রয়েছে কিনা তাও খতিয়ে দেখা প্রয়োজন এবং

ঘ. কেবল নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় যন্ত্র ও উপাত্ত রয়েছে কিনা।

০৪। তথ্য মন্ত্রণালয়ের ২৪.৪.২০১১ তারিখের তম/টিভি-২/১০(৩)/২০০৭(অংশ)/২৬৬ সংখ্যকপত্রে নতুন কেবল/ফিড অপারেটর লাইসেন্স ইস্যুর পূর্বে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মতামত গ্রহণের নির্দেশনা রয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়সমূহ (অনুচ্ছেদ-০৩ এর 'ক' হতে 'ঘ') একজন নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তার মাধ্যমে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

১৪.১১.২১
(মোঃ জুলফিকার রহমান কোরাইশী)
কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার
ফোন : ৫৫১৩১৯৮৮।

জেলা প্রশাসক
পটুয়াখালী।

নং-১৫.৫৪.০০০০.০৩০.৪৩.০০৩.২১- ৪৬৬/১ তারিখ : ১৫/১১/২১

অনুলিপি :

০১। জনাব মোঃ দুলাল হোসেন, স্বত্বাধিকারী : সুবিদখালী কেবল নেটওয়ার্ক, ঠিকানা-কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০২। কার্যালয় নথি।

(মোঃ জুলফিকার রহমান কোরাইশী)
কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার।

৪১
০৭/০১/২০২২

(৩০)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, পটুয়াখালী
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.patuakhali.gov.bd

স্মারক নম্বর : ০৫.১০.৭৮০০.০০৮.০৫.০০১.২১- 29

তারিখ : ২২ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : নতুন কেবল অপারেটর লাইসেন্সের আবেদনের প্রেক্ষিতে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ।

সূত্র : বাংলাদেশ টেলিভিশন, লাইসেন্স শাখা, রামপুরা, ঢাকা এর স্মারক নং ১৫.৫৪.০০০০.০৩০.৪৩.০০৩.২১-৪৫৩: তারিখ-১৫.০৯.২০২১ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রে বর্ণিত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: দুলাল হোসেন, পিতা: মৃত-ইউসুফ আলী, মাতা: মৃত-সূর্যভানু, কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী এর আবেদনে উল্লিখিত "সুবিদখালী কেবল নেটওয়ার্ক" এর অনুকূলে নতুন কেবল অপারেটর লাইসেন্স প্রদানের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী কর্তৃক সরেজমিনে তদন্ত করা হয়েছে (কপি সংযুক্ত)। প্রাপ্ত প্রতিবেদনের সাথে জেলা প্রশাসক মহোদয় একমত পোষণ করেছেন।

এ অবস্থায় প্রাপ্ত তদন্ত প্রতিবেদনটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ১৪(চৌদ্দ) পাতা।

০৬/০১/২২
রুনাল্টি চাকমা
সহকারী কমিশনার
জুডিসিয়াল মুন্সিখানা
জেলা প্রশাসক, পটুয়াখালী এর পক্ষে।
ফোন নং-০৪৪১-৬২৯০৭

কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার
বাংলাদেশ টেলিভিশন
রামপুরা, ঢাকা-১২১৯।

অনুলিপি:
০১। সিএ টু ডিসি, পটুয়াখালী। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২। জনাব মো: দুলাল হোসেন, পিতা-মৃত-ইউসুফ আলী, মাতা-মৃত-সূর্যভানু, কলেজ রোড, সুবিদখালী, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৩। অফিস কপি/মাস্টার ফাইল।

০৭/০১/২২

কন্ট্রোলার (লাইসেন্স) এর কার্যালয়

| | |
|---|---|
| উপ-নিয়ন্ত্রক (লাইসেন্স) | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| সহঃ লাইসেন্স অফিসার | উপস্থাপন করুন |
| সুপারিনটেনডেন্ট (লাইঃ) | [illegible] |
| সহঃ হিসাবরক্ষক | |
| লাইসেন্স পরিদর্শক | কন্ট্রোলার (লাইসেন্স) |

০৯/০১/২২

Scanned

781202112 29-06

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মির্জাগঞ্জ, পটুয়াখালী
www.mirzaganj.patuakhali.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.৭৮৭৬.০০০.০৮.০১১.২১- ৯০৬০

তারিখ: ১২ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ / ২৭ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : নতুন কেবল অপারেটর লাইসেন্স সংক্রান্ত তদন্ত প্রতিবেদন প্রেরণ।

সূত্র : মহোদয়ের কার্যালয়ের স্মারক নম্বর: ০৫.১০.৭৮০০.০০৮.০৫.০০৩.১৯-৫০৩; তারিখ: ০৩.১০.২০২১ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুবিদখালী কেবল নেটওয়ার্ক, এর স্বত্বাধিকারী জনাব মোঃ দুলাল হোসেন, পিতা-মৃত: ইউসুফ আলী সাং কলেজ রোড, সুবিদখালী, উপজেলা: মির্জাগঞ্জ, জেলা: পটুয়াখালী এর আবেদনের প্রেক্ষিতে নতুন কেবল অপারেটর লাইসেন্স প্রদানের নিমিত্তে সহকারী কমিশনার (ভূমি), মির্জাগঞ্জ, পটুয়াখালীকে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দেওয়ার জন্য পত্র দেওয়া হয়। নিম্নস্বাক্ষরকারীর নিকট সহকারী কমিশনার (ভূমি), মির্জাগঞ্জ, পটুয়াখালী তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করেছেন (কপি সংযুক্ত)। তদন্ত প্রতিবেদনে তিনি উল্লেখ করেছেন যে, কেবল নেটওয়ার্ক অপারেটর ব্যবসাকে কেন্দ্র করে এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার সম্ভাবনা দেখা যায় না। জনাব মোঃ দুলাল হোসেন, পিতা-মৃত: ইউসুফ আলী, সাং কলেজ রোড, সুবিদখালী, উপজেলা: মির্জাগঞ্জ, জেলা: পটুয়াখালী এর অনুকূলে কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর ৮ ধারা অনুসারে, "সুবিদখালী ক্যাবল নেটওয়ার্ক" নামে কেবল অপারেটর লাইসেন্স প্রদান করা যেতে পারে মর্মে সুপারিশ করেছেন।

উপর্যুক্ত প্রতিবেদন, আবেদনকারীর বক্তব্যমতে এবং স্থানীয় ব্যবহারকারীদের তথ্যমতে জানা যায় যে, বর্তমানে অত্র এলাকায় সিয়াম কেবল অপারেটর নামে আরেকটি প্রতিষ্ঠানের কার্যক্রম চালু রয়েছে।

এমতাবস্থায়, সরকারি রাজস্ব আহরণ বৃদ্ধির স্বার্থে এবং প্রতিযোগিতামূলক কেবল সার্ভিস গ্রাহকের জন্য নিশ্চিতকল্পে জনাব মোঃ দুলাল হোসেন এর অনুকূলে কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর ৮ ধারা অনুসারে, "সুবিদখালী ক্যাবল নেটওয়ার্ক" নামে শর্তসাপেক্ষে কেবল অপারেটর লাইসেন্স প্রদান করা যেতে পারে।

সংযুক্তি: বর্ণনামতে ০১ পাতা।

মোসাঃ তানিয়া ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
মির্জাগঞ্জ, পটুয়াখালী
ফোন: ০৪৪২৬-৭৫২০১
e-mail: unomirzagonj@gmail.com

জেলা প্রশাসক
পটুয়াখালী

(২৫)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
মির্জাগঞ্জ, পটুয়াখালী।
www.mirjagong.gov.bd

স্মারক নম্বর : ৩১.১০.৭৮৭৬.০০১.০৪.০০১.২০-২৮৮ তারিখ : ১৮ নভেম্বর ২০২১ খ্রি.

বিষয় : নতুন কেবল অপারেটর লাইসেন্সের আবেদনের প্রেক্ষিতে সরেজমিনে তদন্ত প্রতিবেদন .

সূত্র: ০১ জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের কার্যালয়ের স্মারক নম্বর ০৫.১০.৭৮০০.০০৮.০৫.০০৩.১৯-৫০৩ তারিখ: ০৩/১০/২০২১ খ্রি.

০২ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের ২১/১০/২১ ইং তারিখের আদেশ :

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ দুলাল হোসেন পিতা- মৃতঃ ইউসুফ আলী, সাং কলেজ রোড, সুবিদখালী, উপজেলাঃ মির্জাগঞ্জ, জেলা : পটুয়াখালী-এর আবেদনের প্রেক্ষিতে ৪ নং দেউলি সুবিদখালী ইউনিয়ন এলাকায় কেবল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনার নিমিত্তে আবেদকারীর মূল কাগজপত্র যাচাই বাছাই সহ সরেজমিনে তদন্ত করা হয় তদন্তকালে আবেদনকারীসহ স্থানীয় লোকজন উপস্থিত ছিল। তদন্তে করে দেখা যায়, ১৫/০৯/২১ খ্রি. তারিখের ১৫.৫৪.০০০০.০৩০.৪৩.০০৩.২১-৪৫৩ নং স্মারকে উল্লিখিত ০৩ নং অনুচ্ছেদের (ক) অনুযায়ী আবেদনকারীর আবেদনে সংযুক্ত কাগজপত্রের সাথে মূল কাগজপত্রের মিল আছে। ০৩ নং অনুচ্ছেদের (খ) অনুযায়ী ২৬/০৮/২১ ইং তারিখে The Patuakhali Chamber of Commerce and Industry কর্তৃক ইস্যুকৃত সনদ অনুযায়ী প্রতীয়মান হয়, তিনি ০১/০৯/২১ খ্রি. তারিখের পূর্বে কেবল নেটওয়ার্ক ব্যবসায় নিয়োজিত ছিলেন। যথাযথ সরকারী রাজস্ব ০৯/০৯/২১ খ্রি. তারিখ ৩৬৫৫/২১ নং রশিদের মাধ্যমে ৭৩৬০০/-টাকা বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, লাইসেন্স শাখা, রামপুরা,ঢাকা-১২১৯-এ জমা প্রদান করেছেন (কপি সংযুক্ত)। ০৩ নং অনুচ্ছেদের (গ) অনুযায়ী আবেদনাকারী প্রতিষ্ঠানের অনুকূলে নতুন কেবল অপারেটর লাইসেন্স ইস্যু করার উপযুক্ততা রয়েছে বর্তমানে অত্র উপজেলায় দিনার ভিশন নামে একটি প্রতিষ্ঠান ব্যবসা পরিচালনা করে আসছে। কেবল নেটওয়ার্ক অপারেটর ব্যবসাকে কেন্দ্র করে এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার সম্ভবনা দেখা যায় না। ০৩ নং অনুচ্ছেদের (ঘ) অনুযায়ী কেবল নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় যন্ত্র ও উপাত্ত থাকলেও সেগুলো এখনো সক্রিয় করেন নাই।

সরেজমিনে তদন্তে আরোও দেখা যায়, আবেদনকারী সুবিদখালী ক্যাবল নেটওয়ার্ক ব্যবসার জন্য কলেজ রোড, সুবিদখালী বাজার, মির্জাগঞ্জ মল্লিক মার্কেটে অবস্থিত দোকান ঘর সহ ছাদ ভাড়া নিয়া ব্যবসা বানিজ্যর কার্যক্রম শুরু করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, জনাব মোঃ দুলাল হোসেন পিতা- মৃতঃ ইউসুফ আলী সাং কলেজ রোড সুবিদখালী উপজেলাঃ মির্জাগঞ্জ, জেলা : পটুয়াখালী এর অনুকূলে কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর ৮ ধারা অনুসারে, সুবিদখালী ক্যাবল নেটওয়ার্ক নামে কেবল অপারেটর লাইসেন্স প্রদান করা যেতে পারে।

বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি : ৯৮ বর্ণ।

১৮/১১/২১
মোঃ রায়হান উজ্জামান
সহকারী কমিশনার (ভূমি)
মির্জাগঞ্জ, পটুয়াখালী

উপজেলা নির্বাহী অফিসার
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

বাংলাদেশ টেলিভিশন
মহাপরিচালকের দপ্তর
ডায়েরী নং- ৭৩২
তারিখ: ০৫.০৪.২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নম্বর-১৫.০০.০০০০.০০৭.১৬.০০১.২০.৯/১

তারিখ: ২১ চৈত্র ১৪২৮ ব. / ০৪ এপ্রিল ২০২২ খ্রি.

বিষয়: অনলাইন GRS-এ প্রেরিত অভিযোগটির নিষ্পত্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত অভিযোগটির (GRS) বিষয়ে মতামত/ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি এবিষয়ে কোনরূপ অগ্রগতি জানা যায়নি। উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগ হতে এ বিষয়ে তাগিদ পাওয়া যাচ্ছে। নিম্নে আপনার দপ্তর প্রেরিত অভিযোগটির বিবরণ উপস্থাপন করা হলো:

| ট্র্যাকিং নং | অভিযোগের বিষয় | অভিযোগের তারিখ | অভিযোগের ধরণ | সংশ্লিষ্ট সেবা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১৬১৬৬৬০০২৬১০১ | সুবিদখালী ক্যাবল নেটওয়ার্ক এর লাইসেন্স বাতিল করার জন্য আবেদন। | ১১-০১-২০২২ | নাগরিক | অন্যান্য | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন |

এমতাবস্থায়, প্রেরিত অভিযোগটির নিষ্পত্তি/মতামত সংক্রান্ত প্রতিবেদন আগামী ০৭দিনের মধ্যে অনলাইনে (GRS) প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ নজরুল ইসলাম)
পরিচিতি নম্বর-৫৮৪৭
যুগ্মসচিব (প্রশাসন)
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
ফোন-৫৫১০০০৫৭।

প্রাপক: মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন
রামপুরা, ঢাকা।

পরিচালক (প্রশাসন)-এর কার্যালয়

E:\Mosharaf\GRS.docx23

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

বিষয়: প্রতিষ্ঠানটি ক্যাবল নেটওয়ার্ক এর লাইসেন্স আবেদন বাতিল করার জন্য আবেদন

BT✓

বরাবর
মহাপরিচালক
[illegible]
[illegible], ঢাকা।

মাধ্যমঃ মাননীয় জেলা প্রশাসক
পটুয়াখালী।

বিষয়ঃ সুবিদখালী [illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

বিনীত

তারিখঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

নং-টিভি-২২৮৬/ ৭৫২

তারিখ: ১০ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

প্রাপক: সুপারিনটেনডেন্ট অব পুলিশ
জেলা বিশেষ শাখা
নাটোর।

বিষয়: বিটিভির পরিচ্ছন্নতা কর্মী মোছা: আমেনা বেগম এর শিক্ষাগত সনদ ও স্থায়ী ঠিকানা যাচাই

উল্লিখিত বিষয়ে বাংলাদেশ টেলিভিশনের নিম্নবর্ণিত কর্মচারীর স্থায়ী ঠিকানা এবং পাটুল হাপানিয়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয় কর্তৃক প্রদত্ত ৮ম শ্রেণি পাসের সনদ যাচাইয়ের লক্ষ্যে এ সাথে প্রেরণ করা হলো:

| ক্রমিক | প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | পদের নাম |
|---|---|---|
| ০১ | অলিক্তি বালা বর্মন<br>(বর্তমান নাম: মোছা: আমেনা বেগম<br>স্বামী: মো: আব্দুল হক)<br>স্বামী: মৃত যতীন্দ্র চন্দ্র বর্মন<br>গ্রাম: হাজরা নাটোর<br>পোস্ট: নাটোর<br>থানা: নাটোর<br>জেলা: নাটোর | পরিচ্ছন্নতা কর্মী |

০১। সংশ্লিষ্ট কর্মচারী গত ০৪.০৪.১৯৯৯ তারিখে বিটিভিতে পরিচ্ছন্নতা কর্মী পদে যোগদান করেন। চাকরিতে যোগদানের পর পুলিশ বিভাগ কর্তৃক ভিআর নং-৭৭০/০৯, তারিখ: ৩০.০৬.২০০৯ খ্রি. তার পূর্ণ পরিচয় প্রতিপাদনপূর্বক এ কার্যালয়ে প্রেরণ করা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) এর আওতায় তার বিরুদ্ধে অভিযোগ দাখিল হওয়ায় তার শিক্ষাগত যোগ্যতা ও স্থায়ী ঠিকানাসহ পূর্ণ পরিচয় সত্য প্রতিবেদন পুনরায় গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত তথ্যাদি যাচাইপূর্বক জরুরিভিত্তিতে পুলিশ ভেরিফিকেশন প্রতিপাদনপূর্বক অত্র কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৬ পাতা।

২৪/৩/২২
(মো: সিরাজুল হক ভূঞা)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৯৮ (অফিস)

বরাবর,

মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর, ঢাকা।

মাধ্যমঃ "যথাযথ কর্তৃপক্ষ"

বিষয়ঃ স্মারক নং- টিভি-২২৮৬/৬৪৫ সংখ্যক পত্রের প্রেক্ষিতে লিখিত বক্তব্য/মতামত প্রদান।

মহোদয়,

আমি মোছাঃ আমেনা বেগম বাংলাদেশ টেলিভিশন এর গত ১৫/০৩/১৯৯৯ খ্রিঃ তারিখের বিটিভি/প্রশাসন-৩৫২/৪৬০/১ (৪) সংখ্যক নিয়োগ আদেশ মোতাবেক ০৪/০৪/১৯৯৯ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে বাংলাদেশ টেলিভিশনে পরিচ্ছন্নতা কর্মী/সুইপার পদে যোগদান করি। যোগদানের পর থেকেই কর্তব্য নিষ্ঠার সাথে অফিসের সকল নিয়ম কানুন মেনে দায়িত্ব পালন করে আসছি।

বাংলাদেশ টেলিভিশন সদর দপ্তরের ১৪/০৩/২০২২ খ্রিঃ তারিখের টিভি-২২৮৬/৬৪৫ সংখ্যক পত্রের মাধ্যমে জানতে পারি যে, আমার নামে দুইটি স্থানীয় পত্রিকায় (বাংলার খবর ও দৈনিক চিত্র) প্রকাশিত খবরের বরাত দিয়ে জনৈক মোঃ আশরাফুল ইসলাম স্থানীয় শত্রুদের প্ররোচনায় ক্ষতিসাধনের লক্ষে আমার বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করেছেন।

আমার নামে অভিযোগের বিষয় লিখিত বক্তব্য/মতামতঃ

০১। <u>একাধিক জন্ম তারিখ ব্যবহারঃ</u> আমি আমার ৮ম শ্রেণির ছাড়পত্র দিয়ে জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করি। কিন্তু ভুলবশত জাতীয় পরিচয়পত্রে মুদ্রনজনিত কারণে জন্ম তারিখ ভুল হয়। জাতীয় পরিচয়পত্রে জন্ম তারিখের ভুল সংশোধনের জন্য নির্বাচন কমিশন বরাবর আবেদন করলে জাতীয় পরিচয়পত্রে সঠিক জন্ম তারিখ প্রাপ্ত হই (কপি সংযুক্ত)।

০২। <u>ভুয়া শিক্ষাগত যোগ্যতার সনদঃ</u> আমার স্বামীর কর্মস্থল নাটোর হওয়ার কারণে আমি দীর্ঘদিন নাটোরে বসবাস করছি। নাটোরে বসবাস করার সূত্রে আমি পাটুল হাপানিয়া ত্রিমূখী উচ্চ বিদ্যালয়ে অধ্যয়ন করি (অষ্টম শ্রেণির ছাড়পত্র সংযুক্ত)।

০৩। <u>স্থায়ী ঠিকানাঃ</u> ইতিপূর্বে আমার স্বামী যতীন চন্দ্র বর্মন জীবিত থাকা অবস্থায় বাংলাদেশ টেলিভিশন নাটোর উপকেন্দ্রে সুইপার পদে কর্মরত থাকার কারণে আমি নাটোরের ঠিকানা ব্যবহার করি। কিন্তু আমার জন্মস্থান রংপুর।

মহোদয় আমার স্থানীয় শত্রুরা দীর্ঘদিন ধরে নানাভাবে ক্ষতি সাধন করার চেষ্টা করছেন। না পেরে চাকুরির ক্ষতি সাধন করার উদ্দেশ্যে আমার নামে বিভিন্ন অভিযোগ এনেছেন। আমার নামে আনীত অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট। স্বামীর মৃত্যুর পর আমার ও সন্তানদের কথা সদয় বিবেচনায় নিয়ে বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ স্বামীর পদেই (সুইপার) আমাকে চাকুরি দেন। এখন মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, বৃদ্ধ বয়সে যাতে আমি সম্মানের সাথে বাঁচতে পারি সে বিষয় সদয় বিবেচনায় নিয়ে আমার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতি দানে আপনার সদয় মর্জি হয়।

তারিখঃ ২১/০৩/২০২২ খ্রিঃ

আপনার একান্ত অনুগত

আমেনা

মোছাঃ আমেনা বেগম
পরিচ্ছন্নতা কর্মী
বাংলাদেশ টেলিভিশন
নাটোর উপকেন্দ্র।

সংযুক্তিঃ

০১। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ০১ কপি।
০২। ৮ম শ্রেণির ছাড়পত্রের ফটোকপি ০১ কপি।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডাইরী নং ৬৫৬ তারিখ ৩০/০৫/২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর, রামপুরা ,ঢাকা-১২১৯
www.btv.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৪.০০০০.০২১.১৬.০১২.১৭.১৩৫

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৯
২২ মে ২০২২

বিষয়: **অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ ও হালনাগাদ তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।**

সূত্র: নং-তম/প্র-২/সি-৮/২০০৯/২৭৯(১৫), তারিখ: ০৯.০৮.২০০৯ ।

উল্লিখিত বিষয় ও সূত্রপত্রের বরাতে বাংলাদেশ টেলিভিশনের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে এপ্রিল ২০২২ মাসের প্রতিবেদন নির্ধারিত ছকে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ১২ (বারো) পাতা ।

২২-৫-২০২২
সোহরাব হোসেন
মহাপরিচালক
ফ্যাক্স: ৮৩১২৯২৭
ইমেইল: dgbtv@yahoo.com

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয় ঢাকা ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিস্টেম এনালিস্ট, সিস্টেম এনালিস্ট এর দপ্তর , বাংলাদেশ টেলিভিশন-অভিযোগ সেবা বক্স হালনাগাদকরণে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ

২) প্রোগ্রামার, প্রোগ্রামার-১ এর দপ্তর , বাংলাদেশ টেলিভিশন-অভিযোগ সেবা বক্স হালনাগাদকরণে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ

৫-১২-২০২১
মো: নাজিম উদ্দিন
সহকারী পরিচালক (প্রশাসন)

| সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয় | |
|---|---|
| সিস্টেম এনালিস্ট | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-১ | ☐ উপস্থাপন করুন |
| প্রোগ্রামার-২ | ☐ কথা বলুন |
| পিএ | ☐ তাগিদ দিন |
| | |
| | সিনিয়র সিস্টেম এনালিস্ট |